

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ব্যঃ নথি-২৮৭/২০১৬/

তারিখ :

প্রজ্ঞাপন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ে কর্মরত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জনাব মোঃ মসলেম আলী আগামী ০১/০৩/২০২৩ খ্রিঃ হতে ১৯/০৫/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৮০(আশি) দিন তাঁর সহধর্মিনীর চিকিৎসার উদ্দেশ্যে ভারত গমনের জন্য বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন করেছেন। উক্ত আবেদন পত্রটি সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী সুপারিশ করে অত্র দপ্তরে অগ্রায়ন করেছেন। সে অনুযায়ী নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১) (i) (ii) এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০), তারিখঃ ১৯/০৬/২০১১ খ্রিঃ মোতাবেক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত ছুটি মঞ্জুর করা হলো :

- (ক) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি নিজ উৎস থেকে বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- (খ) ছুটি ভোগের পূর্বে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতি সাপেক্ষে ছুটি ভোগ করবেন।
- (গ) বিদেশে অবস্থানকালে ছুটির মেয়াদ কোনক্রমেই বৃদ্ধি করা যাবেনা।
- (ঘ) ছুটিকালীন সময় তিনি বাংলাদেশী মূদ্রায় বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।
- (ঙ) বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি ভোগ শেষে তিনি যথাসময়ে কর্মে যোগদান করবেন।

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী
e-mail : hedhq@yahoo.com

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ব্যঃ নথি-২৮৭/২০১৬/ ৪৬৪/২(৩৩)

তারিখ : ২৭/০২/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ :

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-৪, খুলনা।
- ২। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, কুষ্টিয়া বিভাগ।
- ৩। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা/স্থল বন্দরসমূহ।
- ৪। সহকারী প্রকৌশলী, এইচইডি, চুয়াডাঙ্গা জেলা।
- ৫। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুষ্টিয়া জেলা।
- ৬। জনাব মোঃ আশিকুর রহমান, এস্টিমেটর (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয় (এইচইডি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জনাব মোঃ মসলেম আলী, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, এইচইডি, চুয়াডাঙ্গা জেলা।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা,
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী